

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট
জেডার, এনজিও অ্যান্ড স্টেকহোল্ডার পার্টিসিপেশন (জিএনএসপি) ইউনিট
আনসারী ভবন (৫ম তলা), ১৪/২ তোপখানা রোড, ঢাকা ১০০০



নং-৪৫.০৫.০০০০.০০৯.২৯.০০১.১৯ (অংশ-৩).২৫৮

তারিখ : ১১/০৪/২০২৩ খ্রি:


বিষয় : চট্টগ্রামে ০২/০৫/২০২৩ খ্রি. থেকে ০৩/০৫/২০২৩ খ্রি. মেয়াদে অনুষ্ঠিত “Health Sector Response to Gender-Based Violence (GBV)” শীর্ষক বিভাগীয় প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ও চট্টগ্রাম রেঞ্জ কর্মরত ৯ম গ্রেড বা তদূর্ধ্ব পর্যায়ের মোট ৪ জন পুলিশ কর্মকর্তাকে মনোনয়ন প্রদান সম্পর্কিত।

স্বাস্থ্য সেবা বিভাগের স্বাস্থ্য অর্থনীতি ইউনিটের অধীন জিএনএসপি ইউনিটের ২০২২-২০২৩ অর্থবছরের কর্মপরিকল্পনা অনুযায়ী চট্টগ্রাম বিভাগে “Health Sector Response to Gender-Based Violence (GBV)” শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচি আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। স্বাস্থ্যবিধি মেনে আগামী ০২/০৫/২০২৩ খ্রি. থেকে ০৩/০৫/২০২৩ খ্রি. মেয়াদে অনুষ্ঠিত প্রশিক্ষণটি প্রতিদিন সকাল ৯ টা হতে বিকাল ৪ টা পর্যন্ত বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), চট্টগ্রাম এর কার্যালয়ের সম্মেলনকক্ষে অনুষ্ঠিত হবে। প্রশিক্ষণ কর্মসূচিতে মূলত স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন বিভিন্ন বিভাগ/দপ্তর/সংস্থায় কর্মরত কর্মকর্তারা অংশগ্রহণ করবেন। উল্লেখ্য, বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম মহোদয় প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধন করতে সদয় সম্মত হয়েছেন।

২। উক্ত প্রশিক্ষণে চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশে কর্মরত ২ জন এবং চট্টগ্রাম রেঞ্জে কর্মরত ২ জনসহ মোট ৪ জন ৯ম গ্রেড বা তদূর্ধ্ব পর্যায়ের পুলিশ কর্মকর্তাকে (মহিলা অগ্রাধিকারপ্রাপ্ত) মনোনয়ন প্রদানপূর্বক যথাসময়ে প্রশিক্ষণে অংশ নিতে নির্দেশনা প্রদানের জন্য আদিষ্ট হয়ে বিশেষভাবে অনুরোধ করা হ'ল। মোবাইল নম্বরসহ মনোনীতদের তালিকা প্রশিক্ষণ শুরুর পূর্বাগ্রে জিএনএসপি ইউনিটে সরবরাহের ব্যবস্থা গ্রহণকে উৎসাহিত করা যাচ্ছে।

৩। উল্লেখ্য, প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহণকারীদের সরকারী বিধি অনুযায়ী নির্ধারিত হারে ভাতা প্রদান করা হবে।

৪। প্রশিক্ষণ বিষয়ে বিস্তারিত তথ্যের জন্য প্রয়োজনে অনুগ্রহপূর্বক জিএনএসপি ইউনিটের নাজমা সিদ্দিকা বেগম, ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার [০১৭১৯-১৩৯৮১৩] এবং ডা: এজিএম মাসুকুর রহমান, সিনিয়র কনসালটেন্ট [০১৬৭১১১৬০১৭] এর সাথে যোগাযোগ করা যেতে পারে।



(মো: সাইদুর রহমান খান)

প্রোগ্রাম ম্যানেজার

জিএনএসপি ইউনিট

মোবাইল : ০১৭১৬৮১৭৫৬৮

e-mail:msrk_6415@yahoo.com

মহাপুলিশ পরিদর্শক

বাংলাদেশ পুলিশ, ফুলবাড়িয়া, ঢাকা।

[দু:আ: অ্যাডিশনাল ডিআইজি (ট্রেনিং-১)]

অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। কমিশনার, মেট্রোপলিটন পুলিশ, চট্টগ্রাম।
- ২। ডিআইজি, চট্টগ্রাম রেঞ্জ।
- ৩। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), চট্টগ্রাম।
- ৪। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সচিবের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। সিস্টেম অ্যানালিস্ট, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৮। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।